যুগান্তর

তারিখ ... 03-MAR-2010 পৃষ্ঠা ২০ কলাম ৫

# সিলেটে ৮০ লাখ টাকার টেন্ডার ছিনিয়ে নিল ছাত্রলীগ

সিলেট ব্যুরো

সিলেটে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের (এলজিইডি) ৮০ লাখ টাকার টেন্ডার ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। টেন্ডার বাক্স ভেঙে ভেতরে রক্ষিত দরপত্র ছিনিয়ে নেয় দুর্বৃত্তরা। সোমবার সকালে নগরীর নবাব রোড এলাকায় এলজিইডি অফিসে এ ঘটনা ঘটে।

জানা যায়, একটি মোটরসাইকেলে দুই যুবক এসে টেন্ডার বাক্স ভেঙে ভেতরে রক্ষিত একটি সিডিউল (দরপত্র) ছিনিয়ে নেয়। ছিনিয়ে নেয়া দরপত্রটি ঢাকার একটি ঠিকাদারি প্রতিষ্ঠানের ছিল বলে জানা গেছে। এ সময় অফিসের ৪র্থ শ্রেণীর কর্মচারী সুমন

ছাত্রলীগ : পৃষ্ঠা ১৯ : কলাম ১

## ছাত্রলীগ : ছিনিয়ে নিল

(শেষ পৃষ্ঠার পর)

দাস ও জাহানারা বেগম বাধা দিলে তাদের ভয়ভীতি ও হুমকি দিয়ে যুবকরা দ্রুত চলে যায়। দরপত্র ছিনতাইয়ের কারণে টেন্ডার বাতিল করেছে কর্তৃপক্ষ। সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি দেবাংশু দাস মিটু ও ছাত্রলীগ নেতা আলমগীরের নেতৃত্বে এ টেন্ডার ছিনতাই করা হয় বলে অভিযোগ ওঠে। তবে দেবাংশু দাস মিটু এ ঘটনার সঙ্গে জড়িত নন বলে যুগান্তরকে জানান।

টেন্ডার ছিনতাইয়ের কথা স্বীকার করে এলজিইডির নির্বাহী প্রকৌশলী স্বপন কান্তি পাল জানান, সিলেট সদর, ফেঞ্চুগঞ্জ, গোলাপগঞ্জ ও জকিগঞ্জের বিভিন্ন অফিসের জন্য ৮০ লাখ টাকার ফার্নিচার ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হয়েছিল। সোমবার দরপত্র জমা দেয়ার শেষ দিন ছিল। দরপত্র ছিনতাইয়ের ঘটনার পর টেন্ডার বাতিল করা হয়েছে। পরে নতুন করে টেন্ডার আহ্বান করা হবে বলে তিনি জানান। টেন্ডার ছিনতাইয়ের খবর পেয়ে কোতোয়ালি থানার পরিদর্শক (তদন্ত) মোশাররফ হোসেনের নেতৃত্বে একদল পুলিশ এলজিইডি অফিসে ছুটে যান। তবে এ ঘটনায় কাউকে আটক করা সম্ভব হয়নি। পরিদর্শক মোশাররফ হোসেন জানান, টেন্ডার ছিনতাইয়ের খবর পেয়ে এলজিইডি অফিসে ছুটে এলেও কাউকে পাওয়া যায়নি।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ লিখিত অভিযোগ দিলে ছিনতাইকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ছিনতাই ঘটনার পর একাধিক ঠিকাদার দরপত্র জমা দিতে গিয়ে দেখেন দরপত্র জমার বাক্স ভাঙা। টেন্ডার বাতিল করে দেয়ায় আর কারও দরপত্র গ্রহণ করা হয়নি।